# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৭৭. সিয়াম পালনে রোগ বৃদ্ধি পাবে এবং ক্ষতিও হবে। তবু পরহেজগারী মনে করে সিয়াম পালন করে যাওয়া কেমন?

অবস্থা এমন হলে সিয়াম চালিয়ে যাওয়া কোন পরহেজগারী কাজ নয়। বরং এ অবস্থায় সিয়াম পালন করা নিষেধ এবং সাওম ভঙ্গ করা জরুরি।আল্লাহ তাআলা বলেন,

وَ لَا تَقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ؕ اِنَّ اللّٰهَ كَانَ بِكُمْ رَحِيْمًا

“তোমরা তোমাদের নিজেদেরকে হত্যা করো না। নিঃসন্দেহে আল্লাহ তাআলা তোমাদের প্রতি অতিশয় দয়ালু।” (সূরা ৪; নিসা ২৯) রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমার উপর তোমার আত্মার হক রয়েছে।” (বুখারী)। নিজের বা অন্যের কারোরই ক্ষতি করার কোন অধিকার মানুষের নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন